

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
সাধারণ শাখা
www.khulna.gov.bd

স্মারক : ০৫.৪৪.৪৭০০.০২২.০৬.০০২.২৬-০৪৮

তারিখ : ১৭ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর আলোকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে খুলনা জেলার প্রতি ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন জন্য বিদ্যমান ডিলারের পাশাপাশি ০১(এক) জন করে নতুন ডিলার নিয়োগের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | সিটি কর্পোরেশন/ উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন সংখ্যা | ইউনিয়ন/পৌরসভা/কর্ম এলাকা |
|---|---|---|---|
| ১ | খুলনা সিটি কর্পোরেশন | ০১ টি | খুলনা সিটি কর্পোরেশন। |
| ২ | রূপসা | ৫ টি | আইচগাতি, শ্রীফলতলা, নৈহাটি, টিএসবি, ঘাটভোগ। |
| ৩ | বটিয়াঘাটা | ৭ টি | জলমা, বটিয়াঘাটা,গঙ্গারামপুর, সুরখালী, ভান্ডারকোট, বালিয়াডাঙ্গা, আমীরপুর। |
| ৪ | দিঘলিয়া | ৬ টি | দিঘলিয়া, সেনহাটি, বারাকপুর, গাজীরহাট, যোগীপোল, আড়ংঘাটা। |
| ৫ | ফুলতলা | ৪ টি | আটরা গিলাতলা, দামোদর, ফুলতলা,জামিরা। |
| ৬ | ডুমুরিয়া | ১৪ টি | ধামালিয়া, রঘুনাথপুর, রুদাঘরা, খর্ণিয়া,আটলিয়া, মাগুরাঘোনা, শোভনা, শরাফপুর, সাহস,ভান্ডারপাড়া, ডুমুরিয়া, রংপুর, গুটুদিয়া, মাগুরখালি। |
| ৭ | তেরখাদা | ৬ টি | আজগড়া, বারাসাত, ছাগলাদাহ, সাচিয়াদাহ, তেরখাদা, মধুপুর। |
| ৮ | দাকোপ | ১০ টি | চালনা পৌরসভা, পানখালি, তিলডাঙ্গা, কামারখোলা, সুতারখালী, দাকোপ, বাজুয়া, লাউডোব, কৈলাশগঞ্জ, বানীশান্তা। |
| ৯ | পাইকগাছা | ১১ টি | পাইকগাছা পৌরসভা, হরিঢালী, কপিলমুনি, লতা, দেলুটী, সোলাদানা, লস্কর, গদাইপুর, রাড়ুলী, চাঁদখালী, গড়ইখালী। |
| ১০ | কয়রা | ৭ টি | কয়রা, মহারাজপুর, বাগালী, আমাদী, মহেশ্বীরপুর, উত্তর বেদকাশি, দক্ষিণ বেদকাশি। |
| | মোট= | ৭১ টি | |

**শর্তাবলি:**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত ইউনিয়নের বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

**(গ) যোগ্যতা :**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবেঃ তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে:

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্যে আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(ঙ) আবেদন ফি ও আর্নেস্টমানি:**

১. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/-(দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।

২. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে- অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

১) ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;

২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা এর দপ্তরে দাখিল করতে হবে।

৩) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল, পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২/০৮/২০২৬

হুরে জান্নাত
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, খুলনা।
Email: dckhulna@mopa.gov.bd